24.02.25

# Delhi Public School, Howrah

**Final Examination (2024-2025)**

**Class- IX**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI (005)**

**Time: -3 Hours** **F.M.-80**

## Section-A: Comprehension

**1. নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন কর :** 1×12=12

A. সুজাতার ঘরের বড়ো আয়নাটার সামনে দাঁড়িয়ে সুমন্ত একটা ছোট্ট চিরুনি দিয়ে জোরে চুল আঁচড়াচ্ছিল, অথবা বলা যায় আঁচড়েই চলছিল। কারণ, তাঁর মাথায় চুলের যা চাপ, তাতে দাঁত বসাবার মত দাঁত ঐ ক্ষুদে চিরুনিটার নেই। গায়ে হাত বুলানোর মতোই ভেসে যাচ্ছিল সুমন্তর প্রবল চেষ্টাতেও।

সুজাতা মোমবাতি নিয়ে ঘরে ঢুকে ছেলের দিকে তাকিয়ে বলে উঠল, ওটা কী হচ্ছে? চিরুনিটা ভেঙে যাবে যে। তোর চুলে ঐ চিরুনি!

সুমন্ত একইভাবে হাত চালাতে চালাতে অগ্রাহ্যের গলায় বলল, তোমার চিরুনি নেওয়া হয়নি।

সুজাতা ভুরু কুঁচকে বলল, চমৎকার! খুব 'ম্যানার্স' শেখা হচ্ছে।

সুমন্তদের স্কুলে 'ম্যানার্স' সম্পর্কে বিশেষ নজর রাখার ব্যবস্থা আছে এবং সুমন্ত নাকি তাতে একটা সার্টিফিকেটও পেয়েছে। কিন্তু স্কুলের ব্যবহার স্কুলে, তাকে বাড়িতেও নিয়ে আসতে হলে পেরে উঠবে কেন?

সুমন্ত মায়ের থেকেও অধিকভাবে ভুরু কুঁচকে একবার মায়ের মুখের দিকে তাকালো। কোনো কথা বলল না। আবার একই কাজ করতে লাগল। আজকাল এই এক বাহাদুরি হয়েছে সুমন্তর। ক্লাস ইলেভেনে উঠে পর্যন্তই বোধহয় হয়েছে, ইচ্ছে করে মা-বাপকে অগ্রাহ্য দেখানো। বাহাদুরি ছাড়া আর কী? তবে বাবা বলে, তুমি শাক দিয়ে মাছ ঢেকো না সুজাতা। বাহাদুরি নয়, লায়েক হওয়া। দেখো তোমার ঐ ছেলে ক'দিন পরেই কী মূর্তি ধরে।

**a) 'আজকাল এই এক বাহাদুরি হয়েছে সুমন্তর' – বাহাদুরিটি হল –**

i. স্কুলে সার্টিফিকেট পাওয়া

ii. বাবা মা কে গ্রাহ্য না করা

iii. নিজে নিজে চুল আঁচড়ানো

iv. কথায় কথায় তর্ক করা

**b) সুমন্ত মা কে কী বলেছিল?**

i. কোনো কথা বলে নি

ii. চুপ থাকতে

iii. তাঁর চিরুনি দিতে

iv. তাঁর চিরুনি নেয়নি সে কথা

**c) মন্তব্য: তোমার ঐ ছেলে ক'দিন পরেই কী মূর্তি ধরে।**

**কারণ - ক) বাবা মাকে অগ্রাহ্য করতে শিখেছে।**

**কারণ- খ) সুমন্ত স্কুলে 'ম্যানার্স'-এর ওপর সার্টিফিকেট পেয়েছে।**

**কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।**

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

**d) 'পর্যন্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ –**

i. পর + অন্ত

ii. পরি + যন্ত

iii. পরি + অন্ত

iv. পর + অন্ত

B) বাজার করতে গিয়ে আজ পটলবাবু গিন্নি ফরমাশ গুলিয়ে ফেলে কালোজিরের বদলে ধানিলংকা কিনে ফেললেন। আর সৈন্ধব নুনের কথাটা তো বেমালুম ভুলেই গেলেন। এতে অবশ্যি আশ্চর্য হওয়ার কিছু নেই। এককালে পটলবাবুর রীতিমত অভিনয়ের শখ ছিল। শুধু শখ কেন- নেশাই বলা চলে। যাত্রায়, শখের থিয়েটারে, পুজোপার্বণে, পাড়ার ক্লাবের অনুষ্ঠানে তাঁর বাঁধা কাজ ছিল অভিনয় করা। হ্যান্ডবিলে কতবার যে নাম উঠেছে পটলবাবুর। একবার তো নীচের দিকে বড় বড় করে নাম বেরুলো- পরাশরের ভূমিকায় শ্রী শীতলাকান্ত রায় (পটলবাবু)। তাঁর নামে টিকিট বিক্রি হয়েছে বেশি, এমন সময় গেছে এককালে।

তখন অবশ্যি তিনি থাকতেন কাঁচড়াপাড়ায়। সেখানেই রেলের কারখানায় চাকরি ছিল তাঁর। ১৯৩৪ সনে কলকাতার হাডসন এন্ড কিম্বার্লি কোম্পানিতে আর একটু বেশি মাইনের চাকরি, আর নেপাল ভটচায্যি লেনে এই বাড়িটা পেয়ে পটলবাবু সস্ত্রীক কলকাতায় চলে আসেন। কটা বছর কেটেছিল ভালোই। আপিসের সাহেব বেশ স্নেহ করতেন পটলবাবুকে। তেতাল্লিশ সনে পটলবাবু সবে একটা পাড়ার থিয়েটারের দল গড়ব গড়ব করছেন, এমন সময় যুদ্ধের ফলে আপিসে হল ছাঁটাই, আর পটলবাবুর নয় বছরের সাধের চাকরিটি গেল কর্পূরের মত উবে।

সেই থেকে আজ অবধি বাকি জীবনটা রোজগারের ধান্দায় কেটে গেছে পটলবাবুর। গোড়ায় একটা মনিহারি দোকান দিয়েছিলেন, সেটা বছর পাঁচেক চলে উঠে যায়। তারপর একটা বাঙালি আপিসে কেরানিগিরি করেছিলেন কিছুদিন, কিন্তু বড়োকর্তা বাঙালি সাহেব মিস্টার মিটারের ঔদ্ধত্য আর অকারণ চোখ-রাঙানি সহ্য করতে না পারায় নিজেই ছেড়ে দেন সে চাকরি। তারপর এই দশটা বছর ইনসিওরেন্সের দালালি থেকে শুরু করে কী না করেছেন পটলবাবু। সম্প্রতি তিনি একটা লোহালক্কড়ের দোকানে ঘোরাঘুরি করছেন। তাঁর এক খুড়তুতো ভাই বলেছেন সেখানে একটা ব্যবস্থা করে দেবেন।

**a) নয় বছর আগে পটলবাবুর সাথে কী ঘটেছিল?**

i. তাঁর সাধের চাকরিটি চলে গিয়েছিল

ii. তাঁর দোকানটি উঠে গিয়েছিল

iii. সে পুরোদমে শখের থিয়েটার করত

iv. থিয়েটার ছেড়ে দিয়েছিল

**b) পটলবাবুর আসল নাম কী ছিল?**

i. পরাশর রায়

ii. মিস্টার শীতলাকান্ত রায়

iii. শ্রী শীতলাকান্ত রায়

iv. শ্রী শিতলাকান্ত রায়

**c) মন্তব্য: নিজেই ছেড়ে দেন সে চাকরি।**

**কারণ - ক) পাড়ায় একটা থিয়েটারের দল গড়ব গড়ব ভাবছিলেন।**

**কারণ- খ) মিস্টার মিটারের ঔদ্ধত্য আর অকারণ চোখ-রাঙানি সহ্য করতে পারেন নি।**

**কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।**

i. কারণ ক ও খ দুটোই ঠিক



1311 ... 31/07/25

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

**d) 'গোড়ায় একটা মনিহারি দোকান দিয়েছিলেন।' – 'মনিহারি দোকান' -এটি কোন কারক ?**

i. কর্মকারক

ii. অপাদান কারক

iii. করণ কারক

iv. নিমিত্ত কারক

c) কবি বললেন, সমগ্র মহাভারতখানা তিনি নিজের হাতে একবার লিখতে চান, অতো বড় 'এপিক' পৃথিবীর কোনো কালের কোনো সাহিত্যেই নেই। কিন্তু কাজটি দুরূহ, অনেক সময় লাগবে। হীরেনবাবুকে আনিয়েছি, ওঁর সাহায্য নেবো।

তাঁকে যখন জানালুম, এখানকার এক ঠাকুরবাড়িতে এসে উঠেছি, তিনি বললেন, এ ছাড়া আর ঠাকুরবাড়ি কোথায় হে?

সৌম্য সুহাস কবির মুখখানিতে স্বাস্থ্যের রক্তিমাভা প্রকাশ পাচ্ছে। বাইরের আলো এসে পড়েছে সেই সুন্দর মুখে। নরম একখানা সাল এলায়িত দেহের ওপর ছড়ানো। একখানা আরাম কেদারায় তিনি অর্ধশয়ান। দু-চারটি কথার পর তাঁর পরিহাস-সরস বাক্যবাণ ছুটতে লাগল। সেই বাণে আমিই বিদ্ধ হচ্ছি বারংবার এবং হাসির রোল উঠছে এপাশে ওপাশে। কবি সেদিন আমাকে বাগে পেয়েছিলেন।

সেইদিনকার সেই ২৫শে বৈশাখের সন্ধ্যায় তিনি দেশবাসীর উদ্দেশ্যে তাঁর জন্মদিন উপলক্ষে একটি নবরচিত কবিতা বেতারযোগে পাঠ করবেন। সেজন্য কোলকাতার বেতারকেন্দ্রের কর্তৃপক্ষ কোলকাতা-কালিম্পঙের মধ্যে টেলিফোনের ব্যবস্থা করেছিলেন। কালিম্পঙে টেলিফোন ছিল না, এই উপলক্ষে তার প্রথম উদ্বোধন। সেজন্য পাহাড়ে পাহাড়ে টেলিফোনের খুঁটি বসানো এবং তাঁর খাটানো হয়েছে গত কয়েকদিন ধরেই। টেলিফোন কর্তৃপক্ষ এজন্য প্রচুর অর্থব্যয় করেছে। কবি তাঁর ঘরের আসনে বসে টেলিফোনে কবিতা পাঠ করবেন এবং বেতার কর্তৃপক্ষ তাঁর কণ্ঠস্বরটি ধরে নিয়ে সাথে সাথে ব্রডকাস্ট করবেন, এই ছিল ব্যবস্থা। কয়েকজন বেতার বিশেষজ্ঞ এসেছেন এই উপলক্ষে। তাঁদের মধ্যে স্বনামধন্য নৃপেন্দ্র মজুমদার ছিলেন অন্যতম। মহাকবি মাঝে মাঝে একবার ভীষণ শব্দে গলা ঝাড়া দেন, একথা সকলেরই মনে আছে। কিন্তু আজ কাব্য পাঠকালে সেই আওয়াজটির দাপটে সুক্ষ্ম যন্ত্রটা বিদীর্ণ হয়ে যাবে কিনা, এই আশঙ্কাটা ছিল রথীন্দ্রনাথ প্রমুখ অনেকেরই মনে। সেজন্য উদ্বেগও ছিল।

**a) অনুচ্ছেদে 'মহাকবি' বলতে কাকে বোঝানো হয়েছে?**

i. মাইকেল মধুসূদন দত্ত

ii. রবীন্দ্রনাথ ঠাকুর

iii. রথীন্দ্রনাথ ঠাকুর

iv. জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

**b) মন্তব্য: সেই আওয়াজটির দাপটে সুক্ষ্ম যন্ত্রটা বিদীর্ণ হয়ে যাবে।**

**কারণ - ক) মহাকবি মাঝে মাঝে একবার ভীষণ শব্দে গলা ঝাড়া দেন।**

**কারণ- খ) কালিম্পঙে টেলিফোন ছিল না।**

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

**c) 'কবি সেদিন আমাকে বাগে পেয়েছিলেন।' কারণ -**

i. তাঁকে দিয়ে মহাভারত লেখানোর দায়িত্ব দিয়েছিলেন

ii. তাঁকে বেতার যন্ত্রের খুঁটিনাটি দেখার ভার দিয়েছিলেন

iii. কবি তাঁকে নিয়ে মজা তামাশা করছিলেন

iv. কবি তাঁকে পাহাড়ে পাঠিয়েছিলেন

**d) বিপরীত শব্দ লেখ: সরস**

i. অরস

ii. নিরস

iii. নীরস

iv. বেরস

## Section-B: Grammar

2. **সন্ধিযুক্ত ও সন্ধি বিচ্ছেদ কর (যে কোনো ছয়টি)** (1x6=6)

i. নয়ন ii. মাতৃ + ইচ্ছা iii. পর্যবেক্ষণ iv. সর্ব + এব

v. উমেশ vi. হিম + ঋতু vii. ভাষান্তর viii. নীল + উৎপল

3. **নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর (যে কোনো তিনটি)** (1x3=3)

i. তোমার ছেলে তো বেশ বেপরোয়া। (না বাচক)

ii. এতদিনে সবাই জানতে পারল কথাটা। (প্রশ্নবোধক)

iii. আমাকে আমার কাজ করতে দেওয়া হোক। (অনুজ্ঞাবাচক)

iv. এ কী হল। (আবেগবাচক)

iv. কোনো মানুষের পক্ষেই কী সম্ভব? (নির্দেশক বাক্য)

4. **বাক্যগত ও শব্দগত অশুদ্ধি সংশোধন থেকে সঠিক উত্তরটি নির্বাচন কর :** (1x4=4)

**a) শুদ্ধ বাক্যটি নির্বাচন কর-**

i. সকল শিক্ষক বৃন্দ।

ii. সকল শিক্ষকগণ।

iii. সকল শিক্ষক।

iv. সকল শিক্ষকেরা।

**b) নীচের কোনটি শুদ্ধ বানান তা নির্বাচন কর-**

i. মধূসুদন

ii. মধূসূদন

iii. মধুসুদণ

iv. মধুসূদন

**c) শুদ্ধ বাক্যটি নির্বাচন কর-**

i. কাজে গতিবেগ আনা চাই।

ii. কাজে গতি আনা চাই।

iii. কাজে গতিসমেত আনা চাই।

iv. কাজে অগতি আনা চাই।

**d) নীচের কোনটি শুদ্ধ বানান তা নির্বাচন কর-**

i. শ্রমজিবি

ii. শ্রমজীবী

iii. শ্রমজীবি

iv. শ্রমজিবী

e) শুদ্ধ বাক্যটি নির্বাচন কর-

i. কাকাবাবুর কথা প্রমাণ হয়েছে।

ii. কাকাবাবুর কথা প্রামাণ্য হয়েছে।

iii. কাকাবাবুর কথা প্রমাণিত হয়েছে।

iv. কাকাবাবুর কথা প্রমানিত হয়েছে।

## Section-C: Main Course Book & Supplementary Reader / Non-detailed Text:(MCQ)

5. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখঃ (যে কোনো ছয়টি) 1x6=6

a) 'দাম' গল্পে লেখক কতগুলি উদ্ধৃতি উল্লেখ করেছিলেন তাঁর বক্তৃতায়?

i. দশটা

ii. পনেরোটা

iii. বারোটা

iv. আটটা

b) 'ব্যক্তি হিসেবে আমি যে এত মূল্যবান।'- আলোচ্য অংশে কার কথা বলা হয়েছে?

i. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের

ii. অঙ্কের মাষ্টারের

iii. হেডমাস্টারের

iv. সুকুমারের

c) মন্তব্য: এত বয়স হইল, তবু কিছুমাত্র যদি কাণ্ডজ্ঞান থাকে।

কারণ-ক) বাড়িতে আর একজন সদস্য নিয়ে এসেছে।

কারণ- খ) ফটিককে বাড়ি পৌঁছে দিতে পারেনি।

এক্ষেত্রে

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ভুল ও খ ঠিক

iv. কারণ ক ঠিক ও খ ভুল

d) তেরো চোদ্দ বছরের ছেলেদের কথামাত্রই কী?

i. পাকামি।

ii. জ্যাঠামি।

iii. ন্যাকামি।

iv. প্রগলভতা।

e) খালাসিরা কী ফেলে সুর করে জল মাপত?

i. পাল

ii. কাছি

iii. লগি

iv. দাঁড়

**f) মন্তব্য- তাঁর সঙ্গে বনিয়ে চলা অসম্ভব।**

**কারণ ক- সে সবসময় নেত্রীসুলভ আচরণ করে ।**

**কারণ খ- দুনিয়াকে ওলট পালট করে দেওয়ার ক্ষমতা তাঁর আছে।**

**এক্ষেত্রে**

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ভুল ও খ ঠিক

iv. কারণ ক ঠিক ও খ ভুল

**g) অঙ্কের মাস্টারমশাই কেন বিরক্ত হতেন?**

i. অঙ্ক না পারলে

ii. খড়ি ভেঙে গেলে

iii. স্কুলে না এলে

iv. কান্নাকাটি করলে

**h) মি. স্টার্ডির চিঠিটা কেমন ছিল?**

i. শুষ্ক ও প্রাণহীন

ii. শুষ্ক অথচ সজীব

iii. রসালো ও প্রাণবন্ত

iv. বাস্তবসম্মত

6. <u>আম আঁটির ভেঁপু থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখঃ (যে কোনো চারটি)</u> 1x4=4

**a) 'ও হল খরগোশ খোকা, খরগোশ।" -বক্তা কে?**

i. ভূষণ গোয়ালা

ii. নবীন পালিত

iii. সর্বজয়া

iv. হরিহর

**b) হরিহর কাদের বাড়িতে গোমস্তার কাজ করত?**

i. কুণ্ডুদের বাড়ি।

ii. নবীন পালিতের বাড়ি।

iii. অন্নদারায়ের বাড়ি।

iv. অন্নপূর্ণা রায়ের বাড়ি।

**c) অপুর মতে পালিতদের বাগানের করমচার স্বাদ কেমন ছিল?**

i. ভীষণ টক।

ii. গুড়ের মত মিষ্টি।

iii. হালকা টক।

iv. হালকা নোনতা।

**d) গুরুমশাই অপুকে শেলেটে কী লিখতে দিয়েছিল?**

i. নামতা।

ii. ছড়া।

iii. শ্রুতিলিখন।

iv. বানান।

**e) মন্তব্য: তোমার হাতে এ বইয়ের অপমান হবে না।**

**কারণ ক) - নরোত্তম দাস জানতেন অপু সেই বই পড়তে পারবে।**

**কারণ খ) - নরোত্তম দাস জানতেন অপু সেই বইয়ের কদর দেবে।**

**এক্ষেত্রে,**

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ভুল ও খ ঠিক

iv. কারণ ক ঠিক ও খ ভুল

**f) ধান খেতের ওপারে কোন বাঁধা সড়কটা পুব-পশ্চিমে লম্বা হয়ে চলে গিয়েছে?**

i. তুফানগঞ্জের।

ii. মোতিহারিগঞ্জের।

iii. নবাবগঞ্জের।

iv. রায়গঞ্জের।

**g) "এটাই শুধু বাদ পড়িয়াছে"- কী বাদ পড়েছিল?**

i. পাকা সড়ক।

ii. খরগোশ।

iii. রেলরাস্তা।

iv. রেলগাড়ি।

## Section-C: Main Course Book & Supplementary Reader / Non-detailed Text:

7. ম্যাট্রিকুলেশনের গন্ডি পার হয়ে লেখক কী কী থেকে রেহাই পেয়েছিলেন? 2

8. **"আবার তোমাকে একটু সাবধান করা দরকার।"** -বক্তা কার সম্পর্কে কেন সাবধানবানী শুনিয়েছেন? 3

Or,

**"কেন বাপু, পরের ছেলেকে নিয়ে কেন এ কর্মভোগ।"** – 'কর্মভোগ' এর বিষয়টি কী ছিল তা ব্যাখ্যা কর।

9. **"আমি সুযোগটা ছাড়তে পারলুম না।"** – কে কীভাবে সুযোগটা কাজে লাগিয়েছিলেন তা গল্প অবলম্বনে বুঝিয়ে লেখ। 3

Or,

**"ইলিয়াসের অবস্থা খারাপ হয়ে পড়ল।"** –ইলিয়াসের অবস্থা কীভাবে খারাপ হয়ে পড়েছিল তা গল্প অনুসারে ব্যাখ্যা কর।

10. **"এটা খুবই জ্ঞানের কথা।"**- উক্তিটির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ কর। 5

Or,

চিঠি প্রবন্ধ অনুসারে স্বামী বিবেকানন্দের স্বদেশপ্রীতির পরিচয় দাও।

**11) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** 5

**a. "যে মানুষ গান গাইতে জানে না**
**যখন প্রলয় আসে সে বোবা ও অন্ধ হয়ে যায়।"**

Or,

**b. "এই জীবনটা গোটা একটা জীবন হয়ে**
**জীবন্ত হোক।"**

**12) "খেয়ানৌকা পারাপার করে নদীস্রোতে,**
**কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে।"**

a. এখানে 'খেয়া' বলতে কী বোঝানো হয়েছে?

b. খেয়া নদীস্রোতে চলার মধ্য দিয়ে মানবজীবনের যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখ। (2+3)=5

Or,

**"অনন্তকাল যাদের বেদনা রহিয়াছে শুধু বুকে,**
**এদেশের কবি রাখে নাই যাহা মুখের ভাষায় টুকে।"**

a. এখানে কাদের মুখের ভাষা "টুকে" না রাখার কথা বলেছেন কবি?

b. যাদের ভাষা কবি লিখে রাখেন নি, তারা কীভাবে তাদের অন্তরের ব্যথা বেদনা প্রকাশ করে তা কবিতা অনুসারে ব্যাখ্যা কর।

**13) "বিশেষত কুরুক্ষেত্রের যুদ্ধের কথা শুনিতে শুনিতে তন্ময় হইয়া যায়।"-**

a. কুরুক্ষেত্রের যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল এবং সেই যুদ্ধের কথা শুনতে শুনতে কে তন্ময় হয়ে যেত?

b. উদ্দিষ্ট ব্যক্তি কখন এবং কেন কুরুক্ষেত্রের যুদ্ধের কথা শুনতে শুনতে তন্ময় হয়ে যেত? (2+3)=5

Or,

**"সান্যাল মহাশয় দেশ-ভ্রমণ বাতিকগ্রস্ত ছিলেন।"-**

a. সান্যাল মহাশয় কে? তার একটি অসাধারণ ক্ষমতা কী ছিল?

b. তাঁর দেশভ্রমণ বাতিকগ্রস্ততার পরিচয় দাও।

**14) "দাদু, তুমি আমার গৌর।"-**

a. বক্তার একথা বলার কারণ কী ছিল?

b. বক্তার সাথে উদ্দিষ্ট ব্যক্তির যে সম্পর্ক আমরা দেখতে পাই তা আলোচনা কর।

Or,

**"রেলের রাস্তা? সে তো অনেক দূর।"-**

a. কে কোন প্রসঙ্গে একথা বলেছিল?

b. অপুর প্রথম রেলের রাস্তা দেখার অভিজ্ঞতাটি লেখ। (2+3) =5

## Section – D: Creative Writing

**15) নিম্নলিখিত বিষয় অনুসারে প্রতিবেদন রচনা করঃ** 6

a. সরকারী হাসপাতালগুলোর করুণ দশা সর্বত্র।

b. বিবেক জয়ন্তীতে বিশাল পদযাত্রা ও রক্তদান শিবির।

**16) নিম্নলিখিত বিষয় অনুসারে বিজ্ঞপ্তি রচনা করঃ**

স্থানীয় ক্লাবের সম্পাদক হিসেবে ক্লাবের সদস্যদের কাছে এলাকায় বিনামূল্যে চক্ষুপরীক্ষা ও চশমা বিতরণ অনুষ্ঠানের আয়োজন করার জন্য একটি বিজ্ঞপ্তি রচনা কর। 6

Or,

বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে একটি 'আর্ট মেলা'। বিদ্যালয়ের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর।